



পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড  
প্রধান কার্যালয়  
রাঙ্গামাটি  
পরিকল্পনা অধিশাখা  
www.chtdb.gov.bd



নম্বর ২৯.৩১.২০৮৪.০০৮.৩১.০০১.১৯-৩৬

তারিখ ২১ জ্যৈষ্ঠ ১৪২৭  
০৪ জুন ২০২০

"কোভিড-১৯" এর প্রাদুর্ভাবের কারণে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের শিক্ষাবৃত্তির আবেদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্র সংক্রান্ত সংশোধিত বিজ্ঞপ্তি

"কোভিড-১৯"-এর প্রাদুর্ভাবের কারণে দেশের সার্বিক অবস্থা বিবেচনায় ও শিক্ষাবৃত্তির জন্য আবেদনে ইচ্ছুক ছাত্র-ছাত্রীদের আবেদন ও অনুরোধের প্রেক্ষিতে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের চলতি ২০১৯-২০ অর্থ বছরের "শিক্ষাবৃত্তি"-এর আবেদন দাখিলের জন্য আবশ্যিক সংযুক্তি ৩ ও ৪ এর শর্ত নিম্নবর্ণিতভাবে সংশোধন করা হলো:-

সংযুক্তি-৩: জুন ২০১৮ খ্রি: এর পূর্বে প্রকাশিত ফলাফল গ্রহণযোগ্য হবে না। আরো উল্লেখ্য যে, একই ফলাফল দিয়ে গত ২০১৮-২০১৯ অর্থ বছরের শিক্ষাবৃত্তির জন্য নির্বাচিত হলে তার আবেদনের প্রয়োজনীয়তা নেই।

সংযুক্তি-৪: করোনা ভাইরাসজনিত রোগ "কোভিড-১৯" এর প্রাদুর্ভাবের কারণে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে। তাই, শিক্ষাপ্রতিষ্ঠানে অধ্যয়নরত থাকার প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র অথবা পরিচয় পত্র (এক্ষেত্রে মেয়াদউত্তীর্ণ পরিচয়পত্র গ্রহণযোগ্য হবে না) অথবা ভর্তির রসিদ (যারা স্ব স্ব কোর্সে নতুন ভর্তি হয়েছে তাদের ক্ষেত্রে প্রযোজ্য) অথবা সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠানে/কোর্সে বর্তমানে অধ্যয়নরত থাকার অন্য কোন বৈধ/গ্রহণযোগ্য প্রমাণক সংযুক্ত করে আবেদন করতে হবে।

উল্লেখ্য যে, আবেদন গ্রহণের ক্ষেত্রে স্মারক নম্বর: ২৯.৩১.২০৮৪.০০৮.৩১.০০১.১৯-৩৫; তারিখ: ২৯/০৫/২০২০ খ্রি: তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তিতে উল্লিখিত অন্যান্য যাবতীয় শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

৪-৬-২০২০

ড. প্রকাশ কান্তি চৌধুরী

সদস্য-পরিকল্পনা

ফোন: ০৩৫১-৬৩৩১৫

ইমেইল: mp@chtdb.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) ভাইস-চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এর দপ্তর, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
- ২) সদস্য-প্রশাসন, সদস্য-প্রশাসন এর দপ্তর, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
- ৩) উপ-সচিব, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৪) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন অধিশাখা, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)